তারিখ ... 3/7/৮০ ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 1 ...

# গণশিক্ষা কর্মসূচীর জন্য প্রশাসনকে সংগঠিত করার আহ্বান

বাসস ও এনা জানায়, প্রেসিডেন্ট জিয়াউর রহমান গণশিক্ষা কর্মসূচীকে সফল করার উদ্দেশ্যে সরকারী প্রশাসনকে সংগঠিত করার আহ্বান জানাইয়াছেন।

গতকাল (বুধবার) সকালে বঙ্গভবনে বিভাগীয় কমিশনার ও ডেপুটি কমিশনারদের উদ্দেশে বক্তৃতাদানকালে প্রেসিডেন্ট জিয়া দেশকে নিরক্ষরতার অভিশাপ হইতে মুক্ত করার উদ্দেশ্যে জনগণকে জাগরিত করার জন্য সরকারী কর্মকর্তাদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, জনগণকে বুঝাইতে হইবে যে, তাহারা নিরক্ষর থাকিলে আমাদের সকল উন্নয়ন প্রচেষ্টা অর্থহীন হইয়া পড়িবে।

প্রেসিডেন্ট জিয়া ঘোষণা করেন যে, নিজ নিজ এলাকায় নিরক্ষর লোকদের জ্ঞানদানের সফলতার ভিত্তিতেই ভবিষ্যতে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে সরকারী মঞ্জুরী দেওয়া হইবে।

আগামী মৌসুমে ৪০ লক্ষ টন গম উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জ-

(৮ম পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## গণশিক্ষা কর্মসূচী

(১ম পৃঃ পর)

নের উদ্দেশ্যে সকল সম্পদ কাজে লাগানোর জন্য প্রেসিডেন্ট জিয়া সরকারী কর্মকর্তাদের প্রতি নির্দেশ দেন।

বৈঠকে দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা করিয়া কর্মকর্তাদের শান্তি-শৃঙ্খলা রক্ষায় অধিকতর মনোযোগী হওয়ার আহ্বান জানাইয়া প্রেসিডেন্ট জিয়া বলেন, শান্তিপূর্ণ পরিবেশ সকল উন্নয়ন কর্মকাণ্ডের পূর্বশর্ত।

দেশের বিভিন্ন আদালতে বিচারাধীন মামলা দ্রুত নিষ্পত্তির ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য প্রেসিডেন্ট জিয়া সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেন।

প্রেসিডেন্ট জিয়া কমিশনার ও ডেপুটি কমিশনার কর্তৃক জেলা এবং মহকুমা পর্যায়ের অফিসারদের কাজকর্ম তদারক করার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি সুষ্ঠু ভাবে রাজস্ব আদায়ের ব্যবস্থা করার আহ্বান জানান।

# নিরক্ষরতা দূরীকরণে রোটারিয়ানদের সহায়তা কামনা

(ইত্তেফাক রিপোর্ট)

ভাইস প্রেসিডেন্ট বিচারপতি জনাব আবদুস সাত্তার সরকারের নিরক্ষরতা দূরীকরণ কর্মসূচীতে সহায়তাদানের জন্য রোটারিয়ানদের প্রতি আহ্বান জানাইয়াছেন।

গতকাল (বুধবার) স্থানীয় একটি হোটেলে ঢাকা (দক্ষিণ) রোটারী ক্লাবের অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি আরও বলেন যে, ইহা অত্যন্ত সুখের যে, নিরক্ষরতা দূরীকরণে ঢাকা (দক্ষিণ) রোটারী ক্লাব নৈশ বিদ্যালয় পরিচালনার কর্মসূচী নিয়াছে।

অনুষ্ঠানে বক্তৃতা করেন ক্লাবের বিদায়ী সভাপতি রোটারিয়ান এম, নূরুল আলম, গত বৎসরের রিপোর্ট পেশ করেন বিদায়ী সেক্রেটারী জনাব মেহদী ও ধন্যবাদ বক্তৃতা করেন জনাব জামালউদ্দিন আহমদ।